গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

**মার্চ ২০২২ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৪তম সভার) সভার কার্যবিবরণী ঃ**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৮/০৩/২০২২ খ্রি. |
| সময় | : বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে মার্চ ২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩৪তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের ফেব্রুয়ারি-২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**ফেব্রুয়ারি ২০২২ আয় অংশ :**<br>ক) অবশিষ্ট স্থিতি = ১,২১,১৯,৯২৪/-<br>খ) সাব রেজিস্ট্রি অফিস হতে প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর =১৯,৯১,৬৪৪/-<br>গ) নরপাটি ইউপি ভূমি অফিস হতে প্রাপ্ত ভূমি উন্নয়ন কর =৩৮২৫০/-<br>মোট আয় = ১,৪১,৪৯,৮১৮/-<br><br>**ফেব্রুয়ারি ২০২২ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন = ৩৪,১০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/-<br>(ঙ) উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত ব্যয় = ২৩,০০০/-<br>চ) উপজেলা পরিষদে সিসি ক্যামেরা ক্রয় বাবদ =২২,০০০/-<br>ছ) দরপত্র বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল পরিশোধ =১,৬৯,৬০৬/-<br>মোট ব্যয় = ৩,৫৬,৫০৬/-<br><br>অবশিষ্ট স্থিতি =১,৩৭,৯৩,৩১২/- (এক কোটি সাঁইত্রিশ লক্ষ তিরানব্বই হাজার তিনশত বার) টাকা | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উথাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় ফেব্রুয়ারি ২০২২ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ-** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, কোভিড ভ্যাকসিনেশন এর ২য় ডোজ কর্মসূচি চলমান রয়েছে। ৫০১৪৫ জন ১ম ডোজের বিপরীতে ২য় ডোজ কিছুটা পিছিয়ে আছে। এজন্য তিনি উপজেলা প্রশাসন ও সকল জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অতি সম্প্রতি ৫০ থেকে ১০০ শয্যার উন্নীতকরণ অনুমোদন হয়েছে। সে প্রেক্ষিতে হাসপাতালের নিজস্ব জায়গা অবৈধ দখল থেকে পুনরুদ্ধার করতে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম চলমান রাখার এবং হাসপাতালের নিজস্ব জায়গা অবৈধ দখল থেকে পুনরুদ্ধার করতে কুমিল্লা সিভিল সার্জন এর মাধ্যমে জেলা উন্নয়ন সমন্বয় সভায় উত্থাপনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার লাকসাম। |
| ৭.২ | **উপজেলা যুব উন্নয়ন অফিস:** উপজেলা যুব উন্নয়ন অফিসার লাকসাম বলেন, তার বর্তমান অফিস মসজিদ শৌচাগারের পাশে এবং নিজস্ব কোন শৌচাগার নাই। তাই তিনি উপজেলা পরিষদের আপত্তি না থাকলে উপজেলা পরিষদের বাইরে অফিস ভাড়া নিয়ে তার দপ্তরের কার্যক্রম পরিচালনা করতে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা যুব উন্নয়ন অফিস উপজেলা পরিষদের বাইরে নিয়ে গেলে উপজেলা পরিষদের কোন আপত্তি থাকবেনা বলে উপজেলা যুব উন্নয়ন অফিসার লাকসামকে জানানো হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৩ | **উপজেলা খাদ্য অফিস:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম জানান, ০৪টি ওএমএস ডিলারের মাধ্যমে জনপ্রতি ০৫ কেজি চাল ও ০৫ কেজি আটা বিক্রি কার্যক্রম চলমান রয়েছে। ০৮টি ইউনিয়নে ২৮ জন ডিলারের মাধ্যমে ৭১৩০জন কার্ডধারীকে ১০টাকা কেজি দরে চাল বিক্রির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া খাদ্য গুদামে ১১৭১ মে.টন চাল এবং ৩মে.টন গম মজুদ রয়েছে বলে তিনি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে খাদ্য অফিসের স্বাভাবিক কার্যক্রমের পাশাপাশি লক্ষ্যমাত্রা অনুযায়ী কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসামকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম, |

| | | | |
|---|---|---|---|
| ৭.৪ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার লাকসাম বলেন, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক আগামী মাসের ১ম সপ্তাহে রমজান মাস উপলক্ষে জানুয়ারি-মার্চ/২২ মাসের পে-রোল (১৫,১৭৭ জনের)প্রেরণ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম |
| ৭.৫ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস):**<br>উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম বলেন, তার অফিস ভবন ভাঙ্গা হলে উপজেলা পরিষদ অভ্যন্তরে ০৫ শতক জায়গা দেওয়ার জন্য পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যমান মাস্টার প্ল্যান অনুযায়ী উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন করে আলাদা ৫ শতক জায়গা দেওয়া যাবে না বলে উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসামকে জানানো হয়। | ১। উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লাকসাম। |
| ৭.৬ | **উপজেলা প্রকৌশলী অফিস:**<br>ক) লাকসাম উপজেলাধীন বাকই (দঃ) ও আজগড়া ইউনিয়ন পরিষদ ভবন মেরামতের জন্য চাহিদা পাওয়া গেছে। চাহিদা মোতাবেক ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ নির্দেশিকা, ২০২১ অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রণীত প্রাক্কলন অনুমোদন করা যেতে পারে। | ক) প্রস্তুতকৃত প্রাক্কলন [বাকই (দঃ) প্রাক্কলিত ব্যয় ৯,৪১,১৬২.০০ ও আজগড়া ৯,৯৮,৭৯১.০০ প্রাক্কলিত ব্যয়] (পরিশিষ্ট-খ তে সংযুক্ত) অনুমোদন করা হলো। বিধিমতে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী<br>চেয়ারম্যান, বাকই ও আজগরা ইউপি। |
| ৭.৭ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক লাকসাম জানান, পল্লী সঞ্চয় ব্যাংক ভবন ভাঙ্গার অনাপত্তিপত্র প্রদানের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক ব্যবস্থাপনা পরিচালক ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ লাকসামের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংক ভবন ভাঙ্গার অনাপত্তিপত্র সংগ্রহে চেয়ারম্যান উপজেলা পরিষদ লাকসামের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, লাকসামকে বলা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, লাকসাম |
| ৭.৮ | **উপজেলা বিআরডিবি অফিস ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম জানান, বিআরডিবি অফিস ভবন ও প্রশিক্ষণ হলরুম ভাঙ্গার বিষয়ে অনাপত্তিপত্র প্রদানের জন্য উপপরিচালক বিআরডিবি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সে প্রেক্ষিতে বিআরডিবি সদর দপ্তর থেকে বলা হয়েছে। বিআরডিবির আওতাধীন ইউজিসিএ লিমিটেড এর স্থাবর ও অস্থাবর সম্পদ রক্ষণাবেক্ষণ নীতিমালা অনুযায়ী ভবন/অবকাঠামো disposal করার জন্য ০৫ সদস্য বিশিষ্ট কমিটি রয়েছে। উক্ত কমিটির মাধ্যমে দ্রুত রেজুলেশন পাঠানোর জন্য বলা হয়েছে। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা বিআরডিবি অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য পল্লী উন্নয়ন অফিসার লাকসামকে বলা হয়। | ১।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.৯ | **উপজেলা প্রাণী সম্পদ অফিস:**<br>উপজেলা প্রাণী সম্পদ অফিসার লাকসাম বলেন, পৌরসভার কসাইখানার মানোন্নয়ন ও বর্জ্য ব্যবস্থাপনায় তৎপর হওয়ার জন্য পৌরসভার মেয়রকে অনুরোধ জানান। উপজেলা প্রাণী সম্পদ অফিসে বর্ষাকালে পানি জমে জলাবদ্ধতা সৃষ্টি হয়। এতে উপকারভোগী ও অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদানে সমস্যা সৃষ্টি হয়। মাটি ভরাটের বিষয়ে তিনি পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণী প্রাণী সম্পদ অফিসের মাঠে মাটি ভরাটের বিষয়টি আলোচনা সাপেক্ষে পরবর্তীতে প্রকল্প দেওয়া হবে বলে জানানো হয়। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.১০ | **পিডিবি, দৌলতগঞ্জ:**<br>উপসহকারী প্রকৌশলী,পিডিবি, দৌলতগঞ্জ লাকসাম বলেন, পবিত্র রমজান উপলক্ষে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড লাকসাম সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। বিদ্যুতের সকল ট্রান্সফরমার এর সংরক্ষণ ও মেরামত কাজ শেষের দিকে। নামাজ, সেহরি ও তারাবির সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার জন্য সর্বোচ্চ প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে পবিত্র রমজান মাসে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, লাকসাম প্রতিনিধিকে বলা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী, পিডিবি, দৌলতগঞ্জ |
| ৭.১১ | **পল্লী বিদ্যুৎ সমিতি-৪:**<br>উপসহকারী প্রকৌশলী, পল্লী বিদ্যুৎ সমিতি লাকসাম বলেন, গ্রীস্মকাল এবং পবিত্র রমজান উপলক্ষে পল্লী বিদ্যুৎ সমিতির রক্ষণাবেক্ষন কাজ শেষ পর্যায়ে রয়েছে। গ্রাহককে সর্বোচ্চ সেবা দেওয়ার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি-৪ তৎপর রয়েছে। জরুরী সেবা প্রদানের জন্য আমাদের জরুরী বিভাগ কাজ করে যাচ্ছে। এছাড়া আমাদের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে পবিত্র রমজান মাসে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পল্লী বিদ্যুৎ সমিতি, লাকসাম প্রতিনিধিকে বলা হয়। | ১। জিএম- পল্লী বিদ্যুৎ সমিতি লাকসাম-৪ |
| ৭.১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :**<br>ক) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকা, ৫৬.৯৯৪৫ মে:টন চাউল ও ৫৬.৯৯৪৫ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকার বিপরীতে ১০টি, ৫৬.৯৯৪৫ মে:টন চাউলের বিপরীতে ৯টি এবং ৫৬.৯৯৪৫ মে:টন গমের বিপরীতে গৃহীত ৯টি প্রকল্পের ৯৫% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | ক) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | খ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে লাকসাম উপজেলার জন্য বরাদ্দকৃত ৩৫,৯৩,৭৬১/- টাকার বিপরীতে ১৪ টি প্রকল্প এবং ৭৯.৯৭২ মে.টন চাউলের বিপরীতে ০৮টি প্রকল্প এবং ৭৯.৯৭২ মে.টন গমের বিপরীতে গৃহীত ০৮টি প্রকল্পের ৯৫% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | খ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | গ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে গৃহীত ২৫টি প্রকল্পের ৮০%কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | গ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঘ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় লাকসাম উপজেলার জন্য বরাদ্দকৃত ২৪,৭৮,৮৩৩/- টাকার বিপরীতে গৃহীত ২৫টি প্রকল্পের ৮০% কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। | ঘ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঙ) ২০২১-২০২২ অর্থ বছরে অতি-দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ইজিপিপি-১ম পর্যায়ের জন্য ৭২৫টি শ্রমিক কার্ডের বিপরীতে ১,১৬,২০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ০৮টি ইউনিয়নে ১,১৬,২০,০০০/-টাকার বিপরীতে গৃহীত ২৮টি প্রকল্পের কাজ বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইতোমধ্যে ৮০% সম্পন্ন হয়েছে। আগামী ৩০/০৩/২০২২ তারিখের মধ্যে বাকী কাজ সম্পন্ন করতে হবে মর্মে অধিদপ্তর জানিয়েছে। | (ঙ) প্রকল্প সমূহের ১০০% কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>৪। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | চ) ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ০১টি ব্রীজ নির্মাণ কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে পাইলিং এর সম্পন্ন হয়েছে। কাজের অগ্রগতি ৩০%। | (চ) নির্ধারিত সময়ের মধ্যে ব্রীজটির কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান |
| | ছ) ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন এন্ড (এইচবিবি) করণ ২য় পর্যায় প্রকল্পের কাজ চলমান। ইতোমধ্যে ৭০% সম্পন্ন হয়েছে। আগামী ৩০/০৩/২০২২ তারিখের এইচবিবি প্রকল্পের ২য় পর্যায়ে আরো ০১টি কাজের দরপত্র বিক্রির শেষ দিন দরপত্রের কাজ শেষ হলে দ্রুত কার্যাদেশ দেওয়া হবে মর্মে জানান। | ছ) হেরিং বোন এন্ড (এইচবিবি) করণ ২য় পর্যায় প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ জানানো হয় | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান |
| | জ) ২য় পর্যায়ের টিআর (সাধারণ/বিশেষ) প্রকল্পের অনুমোদন জেলা হতে পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদসমূহ হতে দ্রুত সময়ে প্রকল্প কমিটি পাওয়া গেলে টাকা ছাড় করা যাবে। | জ) ইউনিয়ন পরিষদসমূহ হতে দ্রুত সময়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ১। চেয়ারম্যান(সকল) ইউনিয়ন পরিষদ |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **গোবিন্দপুর ইউপি সংক্রান্ত ঃ** চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন আমরা সকল কাজে উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা পেয়েছি। যার জন্য লাকসাম উপজেলায় তথা গোবিন্দপুর ইউনিয়নের সকল উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে গোবিন্দপুর ইউপি এর সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান গোবিন্দপুর লাকসামকে বলা হয়। | ১। চেয়ারম্যান, গোবিন্দপুর, ইউপি, লাকসাম |
| ৮.২ | **কান্দিরপাড় ইউপি সংক্রান্ত ঃ** অনেক বেসরকারি মাদ্রাসায় বঙ্গবন্ধুর ছবি ঝুলাতে চায় না তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া কান্দিরপাড় ইউনিয়ন পরিষদের সকল স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল প্রতিষ্ঠানে সরকারি নিয়ম মেনে বঙ্গবন্ধুর ছবি রাখবেনা তাদের তালিকা প্রদানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম। |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম:** লাকসামের উন্নয়নে আমরা অনেক কাজ করেছি। ভালো টিম ওয়ার্কের মাধ্যমে লাকসামে সর্বোচ্চ উন্নয়ন হয়েছে। যার যার অবস্থান থেকে লাকসাম উন্নয়নে তথা সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করার জন্য চেষ্টা করে যাচ্ছে। আগামীতেও এ উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের একসাথে কাজ করার অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসামের উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখতে সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের সমন্বিত কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনপ্রতিনিধি (সকল) লাকসাম<br>২। কর্মকর্তা, সকল লাকসাম |
| ৯.২ | **উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্য:** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন বদলিজনিত কারণেএটাই আমার লাকসাম উপজেলা পরিষদের শেষ মাসিক সভা। লাকসাম উপজেলা উন্নয়নে সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের সমন্বিত কাজের মাধ্যম সকল উন্নয়ন কাজ বাস্তবায়িত হয়েছে এজন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলার উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখতে সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধি সমন্বিত কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনপ্রতিনিধি (সকল) লাকসাম<br>২। কর্মকর্তা, সকল লাকসাম |
| | খ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও স্বাধীনতা দিবস ২৬ শে মার্চ/২০২২ উদযাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১০০০০০/- (এক লক্ষ) টাকা খরচ করার স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ০৮ মার্চ ২০২২ তারিখের ১৪৬ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | খ)সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও স্বাধীনতা দিবস ২৬ শে মার্চ/২০২২ উদযাপনে উপজেলা রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/-টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| | (গ) ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি দৈনিক প্রতিদিনের সংবাদ পত্রিকায় প্রকাশিত হয়। সে প্রেক্ষিতে প্রতিদিনের সংবাদ পত্রিকার বিল ২৩০০০/- দাখিল করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | গ) সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি বাবদ পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৯.৩ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :**<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ বলেন, সামনে রমজান উপলক্ষে যথাযথ প্রস্তুতি নিয়ে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য পিডিবি ও পল্লী বিদ্যুৎ সমিতি-৪ লাকসামকে নির্দেশনা প্রদান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে রমজানে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য পিডিবি ও পল্লী বিদ্যুৎ সমিতি লাকসামকে বলা হয়। | ১। নির্বাহী প্রকৌশলী বিউবো, দৌলতগঞ্জ, লাকসাম<br>২। জিএম-পল্লী বিদ্যুৎ সমিতি-৪ লাকসাম |
| | উপজেলার বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। সামনে বর্ষা মৌসুম আসন্ন তাই দ্রুত চলমান প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। তিনি আরো জানান, উপজেলার উন্নয়ন কার্যক্রমেজ আমার সহযোগিতা অব্যাহত থাকবে । | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল উন্নয়ন কাজ সমন্বিতভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।চেয়ারম্যান উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |
| | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখার ১০ আগস্ট ২০২১ তারিখের ৫১২ নং স্মারকে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ ২০২১-২২ অর্থবছর থেকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার পত্র এসেছে। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ বাবদ (জুলাই/২১ হতে মার্চ /২২ পর্যন্ত) ১,৩৮,২৪০/- টাকা বিল দাখিল করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ বাবদ ১৩৮১৪০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।চেয়ারম্যান উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২২- ২৪৪

তারিখঃ ১৭চৈত্র ১৪২৮
৩১ মার্চ ২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ....................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

৩১/৩/২২

( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।